

ঢাকা উত্তর সিটি কর্পোরেশন  
প্লট নং#২৩-২৬, রোড নং#৪৬, গুলশান-২, ঢাকা  
[www.dncc.gov.bd](http://www.dncc.gov.bd)

নম্বর-৪৬.১০.০০০০.০০৬.৯৯.০০২.১৭-১১১

তারিখঃ ১৩ ফাল্গুন ১৪৩২  
২৬ ফেব্রুয়ারি ২০২৬

**বিষয়:** ঘোষিত দাপ্তরিক সময়ের মধ্যে অফিসে আগমন ও অফিস ত্যাগের বিষয়ে সরকারী কর্মচারী (নিয়মিত উপস্থিতি)বিধিমালা, ২০১৯ যথাযথ অনুসরণ ও ব্যবস্থা গ্রহণ।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, ঢাকা উত্তর সিটি কর্পোরেশনের আওতাধীন প্রধান কার্যালয় ও আঞ্চলিক এবং ওয়ার্ড পর্যায়ে কর্মরত যে সকল কর্মকর্তা/কর্মচারী নির্ধারিত সময় অর্থাৎ সকাল ০৯.০০ ঘটিকার পরে অফিসে আগমন করবেন, তাদের বিরুদ্ধে সরকারী কর্মচারী (নিয়মিত উপস্থিতি)বিধিমালা, ২০১৯ মোতাবেক প্রশাসনিক ব্যবস্থা গ্রহণের জন্য মাননীয় প্রশাসক নির্দেশনা প্রদান করেছেন।

এমতাবস্থায়, আঞ্চলিক পর্যায়ে কর্মরত কর্মকর্তা/কর্মচারীদের মধ্যে যারা দাপ্তরিক সময়ের পরে অফিসে উপস্থিত হবেন এবং নির্ধারিত সময়ের পূর্বে অফিস ত্যাগ করবেন সে ক্ষেত্রে সরকারী কর্মচারী (নিয়মিত উপস্থিতি)বিধিমালা, ২০১৯ মোতাবেক যথাযথ ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

(মুহাম্মদ আসাদুজ্জামান)

সচিব

ফোন: ০২৮৮৩৪৯৩০

[secretary@dncc.gov.bd](mailto:secretary@dncc.gov.bd)

কার্যার্থে:

আঞ্চলিক নির্বাহী কর্মকর্তা(সকল)-----

অনুলিপিঃ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। প্রশাসক মহোদয়ের সদয় অবগতির জন্য তাঁর একান্ত সচিব, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন।
- ২। প্রধান নির্বাহী কর্মকর্তা মহোদয়ের সদয় অবগতির জন্য তাঁর স্টাফ অফিসার, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন।
- ৩। সিস্টেম এনালিস্ট, আইসিটি সেল (আদেশটি ডিএনসিসি'র ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ), ডিএনসিসি।
- ৪। অফিস কপি।